

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা।

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

তারিখঃ ২১ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ / ০৪ জুন, ২০১৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১২৩-আইন/২০১৫/৭২৯-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড “নির্দিষ্ট সেবার ক্ষেত্রে মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তিতে কর ধার্যকরণ বিধিমালা, ২০১২” এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার টেবিলের কলাম (১) এর শিরনামা সংখ্যা –

(১) So১০ এর বিপরীতে কলাম (২) এর সেবার কোড So১০.২০ এবং উহার বিপরীতে কলাম (৩), (৪) এবং (৫) এর এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ সেবার কোড এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“So১০.২০ ভবন নির্মাণ সংস্থা ভবন বিক্রয় বা হস্তান্তর বাবদ প্রাপ্ত সমুদ্রীয়  
অর্থের উপর-  
(ক) ১-১১০০ বর্গফুট পর্যন্ত শতকরা দশ ১.৫%  
ভাগ ২.৫%  
(খ) ১১০১-১৬০০ বর্গফুট পর্যন্ত শতকরা ষোল  
দশমিক ছয় ছয় ভাগ ৪.৫%”;  
(গ) ১৬০১ বর্গফুট হইতে শতকরা ত্রিশ ভাগ

(২) So১৯ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) এবং (৫) এর এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে;

(৩) So২৬ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) এবং (৫) এর পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“So২৬ So২৬.০০ স্বর্ণকার ও রৌপ্যকার স্বর্ণ, স্বর্ণালংকার, রৌপ্য বা রৌপ্যালংকার ৫%”;  
এবং স্বর্ণের ও বিক্রয় বাবদ প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা  
রৌপ্যের দোকানদার তেত্রিশ দশমিক তিন তিন ভাগ।”  
এবং স্বর্ণ পাকাকারী

(৪) S০৩৭ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) এবং (৫) এর পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“S০৩ S০৩৭.০০ যোগানদার সেবা প্রদানকারী কর্তৃক সরবরাহকৃত পণ্যের ৫%”;  
৭ (Procurement provider) বা সেবার মূল্য বা দরপত্রে উল্লিখিত মূল্যের শতকরা তেত্রিশ দশমিক তিন তিন ভাগ।

(৫) S০৬৯ এবং উহার বিপরীতে কলাম (২), (৩), (৪) এবং (৫) এর পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

“S০৭০ S০৭০.১০ বেসরকারী সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক সেবার ১০%  
বিশ্ববিদ্যালয় বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা ছেষটি  
দশমিক ছয় সাত ভাগ।  
S০৭০.২০ বেসরকারী সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক সেবার ১০%”।  
মেডিকেল ও বিনিময়ে প্রাপ্ত সমুদয় অর্থের শতকরা ছেষটি  
ইঞ্জিনিয়ারিং কলেজ দশমিক ছয় সাত ভাগ।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

( মোঃ নজিবুর রহমান )

চেয়ারম্যান